

১১ > ১১



১১ ১১১১১ ১১, ১১১১১১১ ১১—১১১১১ ১১১১১১
১১১১১১ ১১১১১১১১

সংবাদ সম্মেলন শেষে আমাকে সচিবের সঙ্গে বসতে হবে এবং পারিবারিক ইস্যু নিয়ে কথা বলতে হবে। তাঁরা আমাকে ডাকছেন—গতকাল ভারতের চ্যাম্পিয়নস ট্রফির দল ঘোষণা করার আগে প্রধান নির্বাচক অজিত আগারকারকে অধিনায়ক রোহিত শর্মার বলা কথাগুলো এখন ভাইরাল। [#বিসহসংসার...](#)



১১১১১১১১১১১১ ১১১: kaler probaho

সংবাদ প্রকাশের তারিখ: Jan 19, 2025 ইং 13 বার পড়া হয়েছে



সংবাদ সম্মেলন শেষে আমাকে সচিবের সঙ্গে বসতে হবে এবং পারিবারিক ইস্যু নিয়ে কথা বলতে হবে। তাঁরা আমাকে ডাকছেন—গতকাল ভারতের চ্যাম্পিয়নস ট্রফির দল ঘোষণা করার আগে প্রধান নির্বাচক অজিত আগারকারকে অধিনায়ক রোহিত শর্মার বলা কথাগুলো এখন ভাইরাল।

সম্প্রতি ভারতের শীর্ষস্থানীয় কয়েকটি সংবাদমাধ্যম জানায়, দলের মধ্যে শৃঙ্খলা, একতা ও ইতিবাচক পরিবেশ নিশ্চিত করতে সম্প্রতি ক্রিকেটারদের ১০টি নির্দেশনা দিয়েছে ভারতীয় ক্রিকেট বোর্ড (বিসিসিআই)। যদিও বোর্ডের পক্ষ থেকে এখনো আনুষ্ঠানিক ঘোষণা আসেনি।

অবশ্য বিসিসিআইয়ের এমন কঠোরতায় প্রধান নির্বাচক অজিত আগারকার কোনো সমস্যা দেখেন না, ‘আমি মনে করি, আমরা যদি (নির্দেশনা নিয়ে) অবিরাম কথা বলতে থাকি, তাহলে এটা চলতেই থাকবে। প্রতিটি দলেরই কিছু নিয়মকানুন আছে। আমরা কয়েক মাস ধরে বিভিন্ন বিষয়ে কথা বলেছি। যেমন আপনি একটি দল হিসেবে কীভাবে উন্নতি করতে পারেন, কীভাবে আরও ঐক্যবদ্ধ থাকা যায়। এটা কোনো বিদ্যালয় নয়। এটা কোনো শাস্তিও নয়।’

আগারকার মনে করেন, দেশের প্রতিনিধিত্ব করার সময় কিছু নিয়মের প্রয়োজন আছে, ‘জাতীয় দলের হয়ে খেলার সময় আপনাকে নিয়মগুলো মানতে হবে। আবার এটাও দেখতে হবে, খেলোয়াড়রা সবাই পরিণত। তাঁরা নিজেদের যোগ্যতার কারণেই মহাতারকা। কিন্তু দিন শেষে আপনি দেশকে প্রতিনিধিত্ব করছেন। কিছু কিছু বিষয় আছে, যেগুলো আপনি সহজাতভাবে অনুসরণ করেন। যেমন প্রতিটি দল করে।’

আগারকার আরও জানান, ১০ নির্দেশনার বেশির ভাগই আগে থেকেই ছিল। সংবাদমাধ্যমগুলো নতুন করে প্রচার করায় এত দিন পর আলোচনায় এসেছে।

??????????



এটি ডেভো নিউজের সর্বস্বত্ত্ব বিবরণ। বাস্তব কন্টেন্ট দেওয়ার আগে লেআউট ও API পরীক্ষা করার জন্য রাখা হয়েছে।...



এটি ডেভো নিউজের সর্বস্বত্ত্ব বিবরণ। বাস্তব কন্টেন্ট দেওয়ার আগে লেআউট ও API পরীক্ষা করার জন্য রাখা হয়েছে।...



ভবিষ্যৎ ভবিষ্যৎ ভবিষ্যৎ ভবিষ্যৎ ভবিষ্যৎ ভবিষ্যৎ ভবিষ্যৎ...
তবে বিষয়টি স্বাভাবিকভাবে নিতে পারেননি রিজালদো। সেইমারের কথার বিরোধিতা করে ৫২ বছর বয়সী এই কিংবদন্তি ইনস্ট্রাগ্রামে লিখেছেন, "আমি সেইমারকে বলতে শুনেছি, ক্যারিয়ারের সেরা সময়ে সে ২০০২ বিশ্বকাপে আমার জায়গায় খেলত। সত্যি বলতে, আম... ~~ভবিষ্যৎ...~~"



পাকিস্তানের হাতে ছিল ৭ উইকেট। খেলার জন্য সারাটা দিন তো পড়েই ছিল। কিন্তু মূলতানে আরও একবার ছড়মুড় করে ভেঙে পড়ল পাকিস্তানের ব্যাটিং লাইনআপ। আজ ম্যাচের তৃতীয় দিনের সকালে ১৫.৪ ওভারেই হাতে থাকা সব উইকেট হারিয়েছে পাকিস্তান। স... ~~ভবিষ্যৎ...~~

Copyright Kaler Probaho

সূত্র:

<https://kalerprobaho.com/sports/%E0%A6%8F%E0%A6%9F%E0%A6%BE-%E0%A6%B8%E0%A7%8D%E0%A6%95%E0%A7%81%E0%A6%B2-%E0%A6%A8%E0%A7%9F,-%E0%A6%B6%E0%A6%BE%E0%A6%B8%E0%A7%8D%E0%A6%A4%E0%A6%BF%E0%A6%93-%E0%A6%A8%E0%A7%9F%E2%80%94%E0%A6%AC%E0%A6%B2%E0%A6%B2%E0%A7%87%E0%A6%A8-%E0%A6%AD%E0%A6%BE%E0%A6%B0%E0%A6%A4%E0%A7%87%E0%A6%B0-%E0%A6%AA%E0%A7%8D%E0%A6%B0%E0%A6%A7%E0%A6%BE%E0%A6%A8-%E0%A6%A8%E0%A6%BF%E0%A6%B0%E0%A7%8D%E0%A6%AC%E0%A6%BE%E0%A6%9A%E0%A6%95>